গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

নং ১(৪)/৯১-মপবি(সাধারণ)/১৬৩(৩০০), তারিখ, ৫ই আগস্ট ১৯৯৩/২১ শ্রাবণ ১৪০০

**পরিপত্র**

**বিষয় ঃ বেনামী অথবা নামবিহীন দরখাস্তের উপর ব্যবস্থা গ্রহণ প্রসংগে।**

**সূত্র ঃ মন্ত্রিপরিষদ বিভাগের ৩১-৮-৮২ইং তারিখের ৪(৬)/৮২-সিডি-(সাঃ)বিবিধ/অংশ-১/৩৮(৪৫) নম্বর পরিপত্র।**

সূত্রে উল্লেখিত বিষয়ে বলবৎ নির্দেশ যথাযথভাবে অনুসরণ না হওয়ায় সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বেনামী বা নামবিহীন বা ঠিকানাবিহীন দরখাস্তের সংখ্যা ক্রমেই বাড়িয়া চলিতেছে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে হয়রানী করা এবং প্রশাসনিক কর্মকান্ডে অহেতুক জটিলতা ও বিভ্রান্তি সৃষ্টি করাই এই সকল দরখাস্তের প্রকৃত উদ্দেশ্য। এই প্রেক্ষিতে পুনর্ব্যাক্ত করা যাইতেছে যে, বেনামী বা নামবিহীন বা ঠিকানাবিহীন দরখাস্তের উপর কোন প্রকার অনুসন্ধান কার্য পরিচালনা বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

২। তবে, দরখাস্তে যদি সুনির্দিষ্ট বিষয়/ঘটনা, ঘটনার সময়, সংশ্লিষ্ট ব্যক্তিদের নাম প্রমাণ সম্বলিত কাগজাদি ইত্যাদির উল্লেখ থাকে তাহা হইলে এই ধরণের অভিযোগ তদন্তযোগ্য বিবেচিত হইতে পারে।

৩। উপরিউক্ত সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাহাদের অধীনস্থ সরকারী, আধা-সরকালী.স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহে যথাযথভাবে পালন করিবার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় নির্দেশ জারী করিতে অনুরোধ করা হইল।

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

Scanned by CamScanner